

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর  
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা


নং: ১৫.৫৭.০০০০.০০১.৩১.১৯৭.১১- ৪৫০ ৮

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ  
০৫ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ

বিষয় : অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর মিসেস রাজিয়া সুলতানাকে সতর্কীকরণ।

মিসেস রাজিয়া সুলতানা, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, আপনি গত ০৫/০৯/২০১৭ তারিখে অফিসে উপস্থিত হন। আপনি ডিজিটাল হাজিরা মেশিনে উপস্থিতির সময় পাঞ্চ করেই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত অফিস ত্যাগ করেন। পরবর্তীতে শাখা কর্মকর্তা জরুরি নথি উপস্থাপনের জন্য আপনাকে অফিসে আসার অনুরোধ করলেও আপনি আসেননি। আপনার বিরুদ্ধে এমন অভিযোগ উত্থাপিত হলে আপনি মহাপরিচালক মহোদয়ের নিকট ক্ষমা প্রার্থনা করেন। পরিপ্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় ভবিষ্যতে আপনার এ ধরনের আচরণ গ্রহণযোগ্য হবে না মর্মে এ বিষয়ে সতর্ক করে পত্র দেয়ার নির্দেশ প্রদান করেন।

ভবিষ্যতে এ ধরনের আচরণের যাতে পুনরাবৃত্তি না ঘটে- সে বিষয়ে আপনাকে কঠোরভাবে সতর্ক করা হলো।

  
(হাছিনা আক্তার)  
উপপরিচালক (প্রশাসন)  
ফোন : ৫৮৩১০০৬৭

✓ মিসেস রাজিয়া সুলতানা  
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর  
প্রশাসন শাখা  
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর  
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।

অনুলিপি :

- ১। প্রশাসনিক কর্মকর্তা, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)  
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট।
- ৪। অফিস কপি।